



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.১৫০.২০২৩. ১১৫০

তারিখ: ০৫.০৬.২০২৩ খ্রি.

**বিষয়: ষষ্ঠ ও সপ্তম শ্রেণির ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন সহায়তায় শিক্ষক ওরিয়েন্টেশন ও বাস্তবায়ন প্রসঙ্গে।**

সূত্র: ১। এনসিটিবি'র স্মারক নং- এনসিটিবি/শি. উ./২৫৭/২০০৯(পার্ট-১)/৮৬৩; তারিখ: ২৪ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ  
২। মাউশি'র স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.১৫০.২০২৩.১১০৪; তারিখ: ২৫/০৫/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রে এনসিটিবি কর্তৃক প্রেরিত ষষ্ঠ ও সপ্তম শ্রেণির সকল শিক্ষককে ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন পরিচালনায় সহায়তার জন্য মুক্তপাঠে (<https://nctb.muktopaath.gov.bd>) ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নের একটি অনলাইন ওরিয়েন্টেশন কোর্স ৩০ মে, ২০২৩ তারিখের মধ্যে সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। উক্ত নির্দেশনার আলোকে যে সকল শিক্ষক এখন পর্যন্ত ওরিয়েন্টেশন কোর্সটি সম্পন্ন করেননি তাঁদেরকে আগামী ০৭ জুন, ২০২৩ তারিখের মধ্যে কোর্সটি সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করা হলো। এছাড়া ষষ্ঠ ও সপ্তম শ্রেণির নতুন কারিকুলাম যথাযথ বাস্তবায়নে নিয়োক্ত নির্দেশনা প্রতিপালন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১. নতুন কারিকুলাম যথাযথ বাস্তবায়নে প্রত্যেক উপজেলা/থানার ষষ্ঠ ও সপ্তম শ্রেণির বিষয়ভিত্তিক শিক্ষকগণ একটি WhatsApp Group খুলবেন এবং নিয়মিত উক্ত Group এ তথ্য আদান প্রদান করবেন। বিষয়ভিত্তিক শিক্ষকগণ কর্তৃক WhatsApp Group টি মনিটরিং করবেন সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার;
২. নতুন কারিকুলাম যথাযথ বাস্তবায়নে প্রত্যেক উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার তাঁর উপজেলা/থানার সকল প্রধান শিক্ষক ও সহকারী প্রধান শিক্ষকগণের সমন্বয়ে একটি WhatsApp Group খুলবেন এবং নিয়মিত উক্ত Group এ তথ্য আদান প্রদান করবেন। উক্ত WhatsApp Group টি মনিটরিং করবেন সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসার;
৩. নতুন কারিকুলাম যথাযথ বাস্তবায়নে প্রত্যেক অঞ্চলের জেলা শিক্ষা অফিসারগণ একটি WhatsApp Group খুলবেন এবং নিয়মিত উক্ত Group এ তথ্য আদান প্রদান করবেন। উক্ত WhatsApp Group টি মনিটরিং করবেন সংশ্লিষ্ট আঞ্চলিক উপপরিচালক।

উপরোল্লিখিত বিষয়ে প্রত্যেক উপপরিচালকগণ নতুন কারিকুলাম বাস্তবায়ন অগ্রগতির একটি মাসিক প্রতিবেদন তৈরি করবেন এবং প্রতি মাসে উক্ত প্রতিবেদন মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা বরাবর প্রেরণ করবেন।

(এস এম জিয়াউল হায়দার হেনরী)

সহকারী পরিচালক (মাধ্যমিক-২)

☎ ৪১০৫০১১৮

[addshesecondary2@gmail.com](mailto:addshesecondary2@gmail.com)

**বিতরণ:**

- ১। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল)
- ২। জেলা শিক্ষা অফিসার (সকল)
- ৩। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ০২। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা
- ০৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ০৪। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ০৫। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ০৬। স্কিম পরিচালক, ডিসেমিনেশন অফ নিউ কারিকুলাম, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ০৭। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
- ০৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাউশি অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা  
[পত্রটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ০৯। অধ্যক্ষ/প্রধান শিক্ষক,.....
- ১০। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ১১। সংরক্ষণ নথি।